

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
চেয়ারম্যান (জেলা ও দায়রা জজ) এর কার্যালয়  
শ্রম আদালত

বি এম টাওয়ার (৪র্থ তলা), হোল্ডিং নং-০৭, স্ব-রোড, নাজিরের পুল, বরিশাল।  
ই-মেইল: labourcourtbarishal@gmail.com

নথি নং-শ্রআ/বরি/সংস্থাপন/নিয়োগ/২০১৯/১৪০

তারিখ: ২৫/০৫/২০২২ খ্রিঃ


**নিয়োগ বিজ্ঞপ্তি**

শ্রম আদালত, বরিশাল এর অধীনস্থ নিম্নবর্ণিত শূন্যপদ সমূহে অস্থায়ী ভিত্তিতে সরাসরি নিয়োগের নিমিত্তে নিম্নলিখিত শর্তসাপেক্ষে যোগ্যতাসম্পন্ন প্রার্থীদের নিকট থেকে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক্রমিক নং	পদের নাম	পদ সংখ্যা	বেতন স্কেল (জাতীয় বেতনস্কেল ২০১৫ অনুযায়ী)	শিক্ষাগত যোগ্যতা
০১	সাঁটিলিপিকার কাম- কম্পিউটার অপারেটর	০১টি	১১০০০- ২৬৫৯০/- (গ্রেড-১৩)	(ক) কোন বিশ্ববিদ্যালয় হইতে অন্ত্যন দ্বিতীয় শ্রেণী বা সমমানের সিজিপিএতে স্নাতক বা সমমানের ডিগ্রী। (খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা এবং (গ) সাঁটিলিপিতে প্রতি মিনিটে ইংরেজীতে ৮০ শব্দ ও বাংলায় ৫০ শব্দ লেখার গতি ও কম্পিউটার মুদ্রাক্ষর ইংরেজীতে প্রতি মিনিটে ৩০ শব্দ এবং বাংলায় প্রতি মিনিটে ২৫ শব্দ গতি থাকতে হবে।
০২	হিসাব রক্ষক কাম- কাশিয়ার	০১টি	৯৭০০-২৩৪৯০/- (গ্রেড-১৫)	(ক) কোন স্বীকৃত বোর্ড হতে ন্যূনপক্ষে বাণিজ্যে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষা বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। (খ) হিসাবরক্ষণ কাজে অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।
০৩	পেশকার (বেঞ্চ সহকারী)	০১টি	৯৭০০-২৩৪৯০/- (গ্রেড-১৫)	(ক) কোন স্বীকৃত বোর্ড হতে ন্যূনপক্ষে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষা বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। (খ) কোন কোর্টে পেশকার হিসাবে অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।
০৪	অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক	০১টি	৯৩০০-২২৪৯০/- (গ্রেড-১৬)	(ক) কোন স্বীকৃত বোর্ড হতে ন্যূনপক্ষে দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষা বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। (খ) কম্পিউটার ব্যবহারিক দক্ষতা ও কম্পিউটার মুদ্রাক্ষর ইংরেজীতে প্রতি মিনিটে ২০ শব্দ এবং বাংলায় প্রতি মিনিটে ২০ শব্দ টাইপিং গতি অবশ্যই থাকতে।
০৫	প্রসেস সার্ভার	০১টি	৮৫০০-২০৫৭০/- (গ্রেড-১৯)	যে কোন স্বীকৃত বোর্ড হতে ন্যূনপক্ষে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষা বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।

**শর্তাবলীঃ**

- প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের স্থায়ী নাগরিক হতে হবে।
- ০১/০৫/২০২২ খ্রিঃ তারিখ প্রার্থীর বয়স ১৮-৩০ বৎসর হতে হবে। তবে প্রার্থী যদি মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান/শারীরিক প্রতিবন্ধী হন সেক্ষেত্রে তাহাদের বয়সসীমা ৩২(বত্রিশ) বৎসর পর্যন্ত শিথিলযোগ্য। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তানদের আবেদনপত্রের সহিত মুক্তিযোদ্ধা পিতা/মাতার মুক্তিযোদ্ধা সনদের প্রথম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত ফটোকপি (যা যথাযথভাবে উপযুক্ত কর্তৃপক্ষ স্বাক্ষরিত ও প্রতিস্বাক্ষরিত) দাখিল করতে হবে। বয়সের ক্ষেত্রে কোন হালফনামা গ্রহণযোগ্য হবে না।
- জনপ্রশাসন মন্ত্রণালয়ের মডেল আবেদনপত্র প্রার্থীর স্ব-হস্তে পূরণ পূর্বক আগামী ৩০/০৬/২০২২ খ্রিঃ তারিখে বেলা ০৫.০০ ঘটিকার মধ্যে অফিস চলাকালীন সময়ে রেজিঃ ডাকযোগে/কুরিয়ারযোগে/সরাসরি সভাপতি, নিয়োগ/বিভাগীয় নির্বাচন কমিটি, শ্রম আদালত, বরিশাল এর কার্যালয় বরাবর পৌছাতে হবে। খামের উপর অবশ্যই পদের নাম ও নিজ জেলার নাম উল্লেখ করতে হবে। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ বা বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।
- আবেদনপত্রের সাথে নিম্নলিখিত কাগজপত্র সংযুক্ত করতে হবেঃ  
ক) আবেদনপত্রের সাথে সদ্য তোলা ০৩(তিন) কপি পাসপোর্ট সাইজের প্রথম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত রসিদ ছবি।  
খ) শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের প্রথম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত অনুলিপি।  
গ) প্রথম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র।  
ঘ) ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশন/পৌর মেয়র/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদের প্রথম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত অনুলিপি।  
ঙ) জাতীয় পরিচয়পত্র/জন্মনিবন্ধন সনদপত্রের প্রথম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত অনুলিপি।  
চ) প্রার্থীর নাম ত্রিকানাসহ ১০(দশ) টাকার ডাকটিকিট সম্বলিত ৯.৫ ইঞ্চি x ৪.৫ ইঞ্চি মাপের একটি ফেরত খাম। খামের উপর পদের নাম উল্লেখ করতে হবে।  
ছ) চাকুরীরত প্রার্থীকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে আবেদন করতে হবে।
- পরীক্ষার ফি বাবদ ১-৪ নং পদের জন্য ১০০/- (একশত টাকা) এবং ৫ নং পদের জন্য ৫০/- (পঞ্চাশ) টাকার ট্রেজারী চালান ১-৩১৪৫-০০০০-২৬৮১ কোডে জমা দান পূর্বক আবেদন পত্রের সাথে সংযুক্ত করতে হবে।
- উপযুক্ত প্রার্থীদের লিখিত পরীক্ষার তারিখ, সময় ও স্থান প্রবেশপত্রের মাধ্যমে জানানো হবে।
- মৌখিক পরীক্ষার সময় প্রার্থীকে অবশ্যই শিক্ষাগত যোগ্যতার ও অন্যান্য সকল সনদের মূলকপি প্রদর্শন করতে হবে।
- পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- কর্তৃপক্ষ পদ সংখ্যা কমাতে বা বাড়াতে পারবে। এই বিজ্ঞপ্তির আংশিক বা সম্পূর্ণ বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন। অনিবার্য কারণে কর্তৃপক্ষ এই নিয়োগের তারিখ ও সময় পরিবর্তন করতে পারবেন।
- প্রচলিত নিয়োগ বিধি/প্রচলিত মুক্তিযোদ্ধা কোটাসহ অন্যান্য কোটা/নিয়োগ সংক্রান্ত অপর্যাপ্ত বিধি/আদেশ ও আনুষ্ঠানিকতা যথাযথভাবে অনুসরণ করা হবে।
- ছবি ও প্রয়োজনীয় কাগজপত্র সত্যায়নকারী কর্মকর্তার নামসহ সীল ব্যবহৃত হতে হবে।
- নিয়োগ সংক্রান্ত বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

 ২৫/০৫/২০২২

(শাহানাজ সুলতানা)

চেয়ারম্যান (জেলা ও দায়রা জজ)

ও

সভাপতি

নিয়োগ/বিভাগীয় নির্বাচন কমিটি

শ্রম আদালত, বরিশাল